

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা),  
সেগুনবাগিচা, ঢাকা।  
web: www.bkbb.gov.bd

নম্বর: ০৫.৮১.০০০০.০০৫.৬৯.০০১.২৪.৬১

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রদেয় মাসিক কল্যাণ অনুদান আদেশনামা কার্ডের পরিবর্তে স্বয়ংক্রিয়ভাবে  
আদেশ জারি এবং অনুদানের অর্থ সেবাগ্রহীতার ব্যাংক হিসাবে ইএফটিতে প্রেরণ চালুকরণ।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে মাসিক কল্যাণ অনুদান (মাসিক দুই হাজার টাকা করে সর্বোচ্চ ১৫ বছর) প্রচলিত নিয়মে আদেশনামা কার্ড  
জারিপূর্বক সোনালী ব্যাংকের শাখার মাধ্যমে প্রদান করা হয়। সেবাগ্রহীতাগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় প্রতি মাসে আদেশনামা কার্ড  
নিয়ে স্বশরীরে উপস্থিত হয়ে ব্যাংক কর্মকর্তা কর্তৃক আদেশনামা কার্ডে স্বাক্ষর প্রদানপূর্বক নগদ টাকা উত্তোলন করেন।

বর্তমানে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কাজের গতিশীলতা ও উত্তরবন্ধী দক্ষতা বৃক্ষি, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও  
সহজিকরণের উদ্দেশ্যে মাসিক কল্যাণ অনুদান প্রদানের আদেশনামা কার্ডের পরিবর্তে সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে আদেশ জারি এবং সেবাগ্রহীতার  
ব্যাংক হিসাবে ইএফটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এ পরিপ্রেক্ষিতে, ১ ডিসেম্বর, ২০২৪ থেকে বোর্ডের “মাসিক কল্যাণ অনুদান” সেবা প্রদান বিষয়ে নিম্নরূপ নির্দেশনা  
জারি করা হলো:

সারাদেশে মাসিক কল্যাণ অনুদান প্রদানের আদেশনামা কার্ডের পরিবর্তে সফটওয়্যারে জেনারেটকৃত আদেশ জারিপূর্বক সেবাগ্রহীতাগণকে সরবরাহ  
করতে হবে;

মাসিক কল্যাণ অনুদান সেবার মঙ্গলিকৃত অর্থ সেবাগ্রহীতার ব্যাংক হিসাবে ইএফটিতে প্রেরণের নিমিত্ত ইএফটি রিপোর্ট সোনালী ব্যাংকে প্রেরণ করতে হবে;  
সেবাগ্রহীতাগণকে সরকারি পেনশন প্রদান ব্যবস্থার মত প্রতি ১০ মাস পর ১১তম মাসে ব্যাংকে উপস্থিত হয়ে “লাইফ ভেরিফিকেশন” সম্পন্ন করবেন এবং নারী  
সেবাপ্রার্থীগণের ক্ষেত্রে ৫০ বছর বয়স পর্যন্ত পুনরায় বিবাহ না হওয়ার সনদ প্রদর্শন করতে হবে; এবং

মাসিক কল্যাণ অনুদানের রিকনসাইল প্রক্রিয়া ২০২৫ সাল থেকে সোনালী ব্যাংকের সাথে সফটওয়্যারের মাধ্যমে চালু করতে হবে।

০৪। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

২৭-১১-২০২৪

এ.কে.এম আবদুল্লাহ খান  
অতিরিক্ত মহাপরিচালক

### বিতরণ: (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর দপ্তর, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  
এর কার্যালয়।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৫। সকল বিভাগীয় কমিশনার।
- ৬। পরিবহন কমিশনার, পরিবহন কমিশনার সদর দপ্তর, সরকারি যানবাহন অধিদপ্তর।
- ৭। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
- ৮। পরিচালক, প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)।
- ৯। পরিচালক, উন্নয়ন অনুবিভাগ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)।
- ১০। পরিচালক সকল, (বিভাগীয় কার্যালয়)।
- ১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)।

১২। তথ্য অফিসার, সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়, বিতরণ ও প্রশিক্ষণ শাখা ), তথ্য অধিদফতর।

